# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 19.08.2024 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) আর জি কর কান্ড নিয়ে উত্তাল কলকাতা। ফুটবল সমর্থকদের জমায়েতে পুলিশি অভিযানকে কেন্দ্র করে গতকাল উত্তপ্ত হয়ে ওঠে সল্টলেক স্টেডিয়াম চত্বর।

রাজ্যের নানা প্রান্তে প্রতিবাদ বিক্ষোভের আয়োজন।

২) আর জি কর নিয়ে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে আজ থেকে পথে নামছে বিজেপি। একাধিক কর্মসূচীর ঘোষণা রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের।

৩) আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে ফের ১৪ ঘন্টারও বেশি জিজ্ঞাসাবাদ সিবিআইয়ের।

৪) আজ রাখী পূর্ণিমা। রাজ্য সরকার এবং বিভিন্ন সংগঠনের উদ্যোগে পালিত হলে রাখী বন্ধন উৎসব।

---

RG KAR কান্ড নিয়ে কলকাতা উত্তাল। ডুরান্ড কাপের ডার্বি ম্যাচ বাতিলের প্রতিবাদে এবং চিকিৎসকের ধর্ষণ ও খুনের বিচার চেয়ে ইস্টবেঙ্গল ও মোহনবাগান সমর্থকদের জমায়েতের বিরুদ্ধে পুলিশী অভিযানকে কেন্দ্র করে সল্টলেক স্টেডিয়াম চত্বর গতকাল রণক্ষেত্র হয়ে ওঠে। বিধাননগর কমিশনারেটের ডিসি অনীশ সরকার সাংবাদিক বৈঠক করে জানিয়ে দিয়েছিলেন, গতকাল বিকেল চারটে থেকে রাত ১২ টা

পর্যন্ত সল্টলেক স্টেডিয়াম চত্বরে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা- BNSS-এর ১৬৩ ধারা জারি করা হয়েছে। ভারতীয় দন্ডবিধিতে যা ছিল ১৪৪ ধারা। কিন্তু নিষেধাজ্ঞা মানেননি লাল-হলুদ, সবুজ-মেরুণ সমর্থকরা।

দফায় দফায় পুলিশের সঙ্গে বচসায় জড়িয়ে পড়তে দেখা যায় সমর্থকদের। লাঠি উঁচিয়ে তেড়ে যায় পুলিশ। আটক করা হয় বেশ কয়েকজনকে। সেখানে পৌঁছন আইএফএফ সভাপতি কল্যাণ চৌবে।

মিছিল আটকাতে যদি এত পুলিশ দেওয়া যায়, তাহলে ডার্বি ম্যাচ করানো গেলনা কেন, এই প্রশ্ন তুলেছেন CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

(বাইট-সেলিম)

SUCI কমিউনিস্ট'ও শান্তিপূর্ণ ক্রীড়াপ্রেমীদের ওপর পুলিশের লাঠি চালনার তীব্র নিন্দা করেছে। দোষী পুলিশ কর্মীদের শাস্তির দাবী জানিয়েছেন দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য।

বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার'ও সল্টলেক স্টেডিয়ামের সামনে ক্রীড়াপ্রেমীদের ওপর পুলিশের দমন-পীড়নের কড়া সমালোচনা করেছেন।

(বাইট-সুকান্ত)

মোহনবাগান ইস্টবেঙ্গ সমর্থকদের ওপর পুলিশি নির্যাতনের অভিযোগ তুলে গতরাতে বেহালার বিভিন্ন অংশে প্রতিবাদ সমাবেশের আয়োজন করা হয়।

বিক্ষোভ দেখানো হয় আর জি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বাড়ির সামনেও।

কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গায় আর জি কর কান্ডের প্রতিবাদে গতকাল পথে নেমেছেন অসংখ্য মানুষ। জুনিয়ার ডাক্তাররা বৃষ্টি মাথায় নিয়ে কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিল করেন। ডেমক্র্যাটিক রিসার্চ স্কলার্স অর্গানাইজেশন'ও এতে পা মেলায়।

টালিগঞ্জ স্টুডিও পাড়ার অভিনেতা- অভিনেত্রী ও কলাকুশলীরাও ন্যায়ের দাবীতে মিছিল করেন।

আর জি কর হাসপাতালের সামনে জমায়েত নিষিদ্ধ করে পুলিশী নির্দেশের কড়া সমালোচনা করেছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

(বাইট- অধীর)

---------------------------

এদিকে, আর জি কর কান্ডে রাজ্য জুড়ে প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। কলকাতা শহরে জমায়েত, মিছিল, প্রতিবাদ সভার পাশাপাশি জেলাগুলিতেও পথে নেমেছেন সাধারণ মানুষ।

উত্তর ২৪ পরগণার হাবড়া স্টেশন এলাকায় গতরাতে প্রায় কয়েকশো মহিলা জমায়েত করেন। আর জি কর কান্ডে দোষীদের গ্রেপ্তারের পাশাপাশি আসল সত্য উদঘাটনের দাবি জানান তারা। হাবড়া দেশবন্ধু পার্ক থেকে শুরু হয় একটি মিছিল। মিছিলে শতাধিক মানুষ পা মেলান।

বনগাঁর ত্রিকোন পার্কে মশাল হাতে মিছিলে যোগ দেন নারী, পুরুষ নির্বিশেষে সকলেই।

নদীয়ার কল্যাণীর সগুনা অঞ্চলে ছাত্রছাত্রীরা পদযাত্রার আয়োজন করেন। শান্তিপুর ডাকঘর থেকে সরভুজ বাজার পর্যন্ত প্রতিবাদ মিছিল করা হয়।

হুগলীর উত্তরপাড়া রাষ্ট্রীয় বিদ্যালয়ের ১৯৯৫ সালের উচ্চ মাধ্যমিক ব্যাচের প্রাক্তন ছাত্ররা পদযাত্রার আয়োজন করেন। বহু প্রাক্তন পড়ুয়া এতে সামিল হন।

শিলিগুড়িতে পথে নামেন ইস্টবেঙ্গল-মোহনবাগান সমর্থকরা। শহরের বাঘাযতীন পার্ক থেকে প্রতিবাদ মিছিল বের হয়। পাশাপাশি আরও একটি মিছিল হিলকার্ট রোড পরিক্রমা করে বাঘাযতীন পার্কে এসে শেষ হয়।

জলপাইগুড়ি শহরে সাংস্কৃতিক কর্মী ও সাধারণ মানুষ গতকাল আর জি কর কান্ডে বিচারের দাবিতে পথে নামেন। আর্ট গ্যালারির সামনে পুলিশ ব্যারিকেড করে মিছিল আটকে দেয়। রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখান প্রতিবাদীরা। মুখ্যমন্ত্রীর পদত্যাগেরও দাবি তোলা হয়। শহরের মহিলারা শঙ্খধ্বনী ও উলুধ্বনীর মাধ্যমে প্রতিবাদ জানিয়েছেন।

আর জি কর কান্ডে পথে নেমেছে শাসকদল তৃণমূল কংগ্রেসও।

আর জি কর হাসপাতালে জুনিয়র ডাক্তারকে ধর্ষণ ও খুনের প্রতিবাদে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম, গতকাল খিদিরপুর মোড়ে এক ধর্ণা মঞ্চে দলীয় কর্মী সমর্থকদের নিয়ে বিক্ষোভ কর্মসূচী পালন করেন। কলকাতাকে দেশের অন্যান্য শহরের

তুলনায় নিরাপদ বলেও মন্তব্য করেছেন তিনি। দুঃখজনক এই ঘটনা নিয়ে বিরোধীরা রাজনীতি করছেন বলেও তাঁর অভিযোগ।

এদিকে, মমতা ব্যানার্জীর দিকে আঙ্গুল তোলা হলে তা ভেঙে দেওয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ। গতকাল এক সমাবেশে তিনি বলেন, আর জি করের ঘটনায় রাজ্যের পুলিশ যথেষ্ট তৎপরতা দেখিয়ে একজনকে গ্রেপ্তার করেছে। সিবিআই যেসব তদন্তভার হাতে নিয়েছে, সেগুলির একটিরও কোনো সমাধান হয়নি বলে মন্তব্য করেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী।

হাওড়ার আমতা বিধানসভা এলাকায় অবস্থান বিক্ষোভ কর্মসূচী পালন করা হয় ঐ দলের তরফে।

রাজ্যের শ্রম ও আইন মন্ত্রী মলয় ঘটক গতকাল আসানসোলের হিরাপুর থানার চিত্রা মোড়ে ধর্ণায় বসেন।

পশ্চিম মেদিনীপুরের সবং-এ মন্ত্রী মানস ভুইঞার নেতৃত্বে গতকাল অবস্থান বিক্ষোভ কমসূচী নেওয়া হয়।

---------------------------

RG KAR-এর ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি আজ থেকে ফের বিভিন্ন কর্মসূচি পালন করবে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, আজ কলকাতায় ১৫টি জায়গা এবং সারা রাজ্যে বিজেপি মহিলা মোর্চা নারীদের সুরক্ষার জন্য রাখি বন্ধন উৎসব পালন করবে। তিনি বলেন, নির্যাতিতার ন্যায়ের দাবিতে এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি ১৬তারিখ থেকে ধর্নার কর্মসূচি নিয়েছিল। তবে রাজ্যে গণতন্ত্র হত্যাকারী সরকার এবং প্রশাসন তাদের সেই কর্মসূচি পালন করতে দেয়নি। প্রায় ২০০জন কর্মী সমর্থককে জোর করে গ্রেফতার করে নিয়ে গেছে। তবে মুখ্যমন্ত্রী পদত্যাগ ও মহিলাদের নির্যাতনের

ঘটনার দায়ভার গ্রহণ না করা পর্যন্ত বিজেপি এই ধর্ণা চালিয়ে যাবে। রাজ্য সভাপতি জানান, শুধুমাত্র আরজিকর নয় সারা রাজ্যেই মহিলাদের ওপর নির্যাতন চলছে। তা সত্ত্বেও মুখ্যমন্ত্রী এর কোন দায়ভার গ্রহণ করেন না। তার পরিবর্তে শাসকদলের পক্ষ থেকে বিভিন্ন কটুক্তি করা হয়েছে। তাই মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে ধর্নার অনুমোদনের জন্য আগামীকালই তারা আদালতের দ্বারস্থ হচ্ছেন। এরপর ২০ তারিখ থেকে ২৩ তারিখ পর্যন্ত ধর্না চলবে। কুড়ি তারিখ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিধায়করা, ২১তারিখ সাংসদরা,২২তারিখ দলের বিভিন্ন সংগঠন এবং ২৩তারিখ মহিলা মোর্চা ধর্না দেবে। ২২তারিখ ধর্ণার পাশাপাশি স্বাস্থ্য ভবন ঘেরাও করা হবে।

এদিকে, প্রদেশ কংগ্রেসও আজ রাখী বন্ধন সর্মসূচীকে সামনে রেখে প্রতিবাদ কর্মসূচীর ডাক দিয়েছে। দক্ষিণ কলকাতার টালিগঞ্জ ফাঁড়ির সামনে রাখী বন্ধনে শপথ নিন, সমাজের দুর্বৃত্তদের সড়িয়ে দিন কর্মসূচী পালন করা হবে।

----------------------------

আরজিকর কান্ডে চিকিৎসক কুণাল সরকার এবং সুবর্ণ গোস্বামীকে লালবাজারে তলব করার ঘটনায় প্রতিবাদ জানিয়েছে একাধিক চিকিৎসক সংগঠন। জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস, ওয়েস্ট বেঙ্গল-এর তরফে জানানো হয়েছে, এই দুই প্রবীণ চিকিৎসককে কোনওভাবেই যাতে অযথা পুলিশি হয়রানির সম্মুখীন না হতে হয়। অ্যাসোসিয়েশন অফ হেলথ সার্ভিস ডক্টরস-ও একই মত ব্যক্ত করেছে। ওই দুই চিকিৎসকের বিরুদ্ধে নির্যাতিতার পরিচয় প্রকাশ্যে আনা এবং সামাজিক মাধ্যমে ভুয়ো তথ্য দেওয়ার অভিযোগ তুলে নোটিশ পাঠিয়েছে পুলিশ।

এদিকে, যে সব সোশ্যাল মিডিয়া ব্যবহারকারীদের কলকাতা পুলিশ নোটিশ পাঠাচ্ছে, বিজেপি তাদের আইনি সহায়তা দেবে। বিরোদী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে একটি ইমেইল আইডিও পোস্ট করেছেন।

-----------------------------

RG KAR কান্ডের তদন্তে টানা তিনদিন প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে জিজ্ঞাসাবাদ করেছে CBI । গতকাল ১৪ ঘন্টার বেশি এবং শনিবার ১৩ ঘণ্টা তাঁকে জেরা করা হয়। গতকাল বেলা ১১'টার আগেই সল্টলেকের CGO কমপ্লেক্সে হাজির হন সন্দীপ।

অন্যদিকে, চিকিৎসক ধর্ষণ ও খুনে ধৃত একমাত্র অভিযুক্ত সঞ্জয় রায়ের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত এক ASI-কে গতকাল জিজ্ঞাসাবাদ করেছেন তদন্তকারীরা।

সঞ্জয় রায়কে সিজিও কমপ্লেক্সে গতকাল বেশ কেয়কঘন্টা জেরা করেন সিবিআই আধিকারিকরা। বেশষজ্ঞ মনোবিদরা সেখানে উপস্থিত ছিলেন।

-----------------------------

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, রাজ্যের মেডিকেল কলেজগুলিতে মহিলা ডাক্তার ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষা নিশ্চিন্ত করার নির্দেশ দিয়েছেন। রাজভবনের মিডিয়া সেল থেকে জারি করা এক বার্তায় হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রগুলিতে যথেষ্ট সুরক্ষা নিশ্চিত করার কথাও বলা হয়েছে।

-----------------------------

সুপ্রিম কোর্ট, R G KAR হাসপাতালে চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ ও খুনের ঘটনাকে স্বতঃপ্রণোদিতভাবে গ্রহণ করেছে।

প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে আগামীকাল মামলাটির শুনানি হবে। ৯'ই আগস্ট সকালে হাসপাতালের সেমিনার রুমে ওই PGT চিকিৎসক তরুণীর মৃতদেহ পাওয়া যায়। অভিযুক্ত এক সিভিক ভলেন্টিয়ারকে পরের দিন গ্রেপ্তার করা হয়। পুলিশী তদন্তে অসন্তোষ প্রকাশ করে ১৩'ই আগস্ট ঘটনার তদন্তভার CBI-এর হাতে তুলে দেয় কলকাতা হাইকোর্ট।

---------------------------

বাংলাদেশের সাম্প্রতিক অশান্ত পরিস্থিতির প্রতিকূল প্রভাব এরাজ্যের গরিব দুঃস্থ পরিযায়ী শ্রমিকদের উপরও পড়ছে বলে উদ্বেগ প্রকাশ করে প্রদেশ কংগ্রেস সভাপতি, প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কে চিঠি দিয়েছেন। পার্শ্ববর্তী ওডিশা তে এ রাজ্যের পরিযায়ী শ্রমিকরা নির্যাতনের শিকার হচ্ছেন বলে ঐ চিঠিতে অধীর বাবু উল্লেখ করেন। বিষয়টি নিয়ে তিনি ওডিশার মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কেও চিঠি দিয়েছেন বলে প্রদেশ কংগ্রেস সূত্রে জানা গেছে।

---------------------------

দেশের আইআইটিগুলির মধ্যে সবচেয়ে প্রাচীন খড়গপুর আইআইটির গতকাল ছিল ৭৪ তম প্রতিষ্ঠা দিবস। এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে নীতি আয়োগের প্রাক্তন সিইও অমিতাভ কান্ত, ইসরো চেয়ারম্যান এস সোমনাথ, পদ্মবিভূষণ প্রাপ্ত বিশিষ্ট শিল্পী ও সাংসদ সোনাল মানসিংহ, ডিআরডিও চেয়ারম্যান সমীর ভি কামাত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের দীর্ঘদিনের কর্মীদের সম্মানিত করার পাশাপাশি যুব ও প্রাক্তনীদেরও সম্মাননা জ্ঞাপন করা হয়।

----------------------------

ভারতের মহাকাশ গবেষণা ও তার সাফল্যকে বিশ্ববাসীর কাছে তুলে ধরতে, ২৩ শে আগস্ট দিনটিকে জাতীয় মহাকাশ দিবস হিসেবে ঘোষণা করা হয়েছে । ২০২৩ এর ২৩ শে আগস্ট ভারত পৃথিবীর চতুর্থ দেশ হিসেবে চন্দ্রাভিযানে সফল হয়। ভারতই প্রথম দেশ যাদের চন্দ্রযান চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে। কলকাতার বিড়লা তারামণ্ডলের প্রাক্তন অধিকর্তা ডঃ দেবীপ্রসাদ দুয়ারী বললেন, ভারত শিল্পে,বাণিজ্যে, যোগাযোগ ব্যবস্থায় প্রভূত উন্নতি করেছে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

বাইট (ডঃ দেবীপ্রসাদ দুয়ারী)

----------------------------

আজ রাখি পূর্ণিমা। ভাই বোনের অটুট বন্ধন উদযাপনের দিন হল রাখী পূর্ণিমা। এই উপলক্ষে রাজ্য সরকার এবং বিভিন্ন সংগঠনের উদ্যোগে রাখি বন্ধন উৎসবের আয়োজন করা হয়েছে। ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের উদ্যোগে রাজ্যের ৩৪৫টি টি ব্লক, ১১৯ টি পৌরসভা, সাতটি পুর নিগম ছাড়াও পাহাড়ে জিটিএ এলাকায় রাখি বন্ধন উৎসবের আয়োজন করা হয়েছে।

রাজ্যের মূল অনুষ্ঠানটি হবে কলকাতার নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে। উপস্থিত থাকবেন মন্ত্রী অরূপ বিশ্বাস এবং প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি।

একাধিক সংগঠনের পক্ষ থেকেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

----------------------------

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রয়োজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার আজই শেষ দিন।

কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

--------------------------- ---------------------------